

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
অধিশাখা-২ (কর)

নং-০৮.০০.০০০০.০৩৭.১২.০৪৪.১২-০০৪

তারিখ: ০৯-১০-২০১৬ খ্রিস্টাব্দ/২৪-০৬-১৪২৩ বঙ্গাব্দ।

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ সফি-উল-আলম, সহকারী কর কমিশনার, সার্কেল-সুনামগঞ্জ, কর অঞ্চল-সিলেট (বর্তমানে-সহকারী কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল) এর বিরুদ্ধে ২০১০-২০১১ করবর্ষে সুনামগঞ্জ আয়কর অফিসে সর্বোচ্চ ও দীর্ঘ মেয়াদী করদাতা মনোনয়নে অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(ডি) অনুযায়ী “দুর্নীতিপরায়ণ (Corrupt)” এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা রুজু করা হয় এবং একই বিধিমালার বিধি ৪(৩)(বি) অনুযায়ী চাকরি হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement) অথবা ঐ বিধিমালার অধীনে অন্য কোন উপযুক্ত শাস্তি কেন প্রদান করা হবে না তার কারণ লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোঃ সফি-উল-আলম কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন। তার লিখিত জবাব পর্যবেক্ষণ ও ব্যক্তিগত শুনানী গ্রহণ করে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) অনুযায়ী বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ সফি-উল-আলম এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ধারায় আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় অভিযোগ গঠন করে পুনঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে দীর্ঘ মেয়াদি আয়কর দাতা নির্বাচন সংক্রান্ত নীতিমালা লংঘন করে জালিয়াতির মাধ্যমে ১৯৮২-১৯৮৩ হতে ১৯৯৫-১৯৯৬ খ্রিঃ কর বর্ষের একজনের কর নথি অন্যজনের TIN এ স্থানান্তর এর ক্ষেত্রে ১৯টি আদেশ পত্রে ঘষামাজা/কাটাকটি/ ওভার রাইটিং করে দীর্ঘ মেয়াদি আয়কর দাতা হিসেবে প্রস্তাব করার সত্যতা পাওয়া যায়। তদন্ত প্রতিবেদন অনুযায়ী সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক কেন চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে জনাব মোঃ সফি-উল-আলম এর বিপরীতে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়।


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব আনীত অভিযোগ খন্ডনের জন্য যৌক্তিক নয় মর্মে প্রতীয়মান হওয়ায় জনাব মোঃ সফি-উল-আলম-কে চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করণের বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং মন্ত্রণালয়ের সিদ্ধান্তের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর মতামত চাওয়া হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর বিবেচনায় তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুসারে চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করণের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে কমিশন একমত পোষণ করেছে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন।

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ সফি-উল-আলম, সহকারী কর কমিশনার, সার্কেল-সুনামগঞ্জ, কর অঞ্চল, সিলেট (বর্তমানে-সহকারী কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল) কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক সরকারি চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব



সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৫। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল/সিলেট।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ সহ)।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ১০। জনাব মোঃ সফি-উল-আলম, সহকারী কর কমিশনার, সার্কেল-সুনামগঞ্জ, কর অঞ্চল-সিলেট (বর্তমানে-সহকারী কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল)।
- ১১। সহকারী সচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।
- ১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল/ভোলা।
- ১৩। অফিস কপি।

০৯/১০/২০১৬

(মো: জিল্লুর রহমান)

উপসচিব

ফোন : ৯৫৫৫৬৫৭।

০৯/১০/২০১৬